দৈনিক ইনকিলাব

তারিখ 28 DEC 1998
পৃষ্ঠা ৭ কলাম ৪

## শিক্ষা উপকরণের মূল্য নিয়ন্ত্রণ করুন

মানুষের মৌলিক অধিকারসমূহের একটি হল শিক্ষা। এই শিক্ষাকে সর্বসাধারণের নিকট সহজলভ্য করার জন্য যা সবচেয়ে বেশী প্রয়োজন তা হচ্ছে, শিক্ষা উপকরণের দাম কমানো। বাংলাদেশের বেশীরভাগ লোকই দরিদ্র। তারা সন্তানদের লেখাপড়ার খরচ চালাতে রীতিমত হিমশিম খাচ্ছে। বর্তমানে বই-খাতা, কাগজ, কলম-কালির যে উচ্চ মূল্য তাতে অনেকের লেখাপড়া বন্ধ হবার মতো অবস্থা হয়েছে। কাগজের দাম এখন প্রতি দিস্তা ১৫/১৬ টাকা। আর বইয়ের দাম তো নির্ধারিত মূল্যের চেয়ে অনেক বেশী। এভাবে চলতে থাকলে সমগ্র জাতির জীবনে অমানিশার অন্ধকার নেমে আসবে। তাই বিপুল সংখ্যক অর্ধ শিক্ষিত নিরক্ষর জনগোষ্ঠীকে শিক্ষিত করে তুলতে হলে সব চেয়ে বেশী প্রয়োজন শিক্ষা উপকরণের দাম কমানোর বিষয়টি। এ ব্যাপারে সরকার প্রধানসহ সংশ্লিষ্ট সকল মহলের সুদৃষ্টি আকর্ষণ করছি।

—ইকবাল হোসেন মজুমদার সমাজ কল্যাণ সম্পাদক,
ফুলগাজী সরকারী কলেজ ছাত্র সংসদ, ফেনী।